

নাট্যাচার্য সেলিম আল দীনের ৬৯তম জয়ন্তী পালন করেছে অধুনা থিয়েটার

ctvnews24.com/

[tweet](#)



সিটিভি নিউজ।। “তোমার সম্মুখে অনন্ত মুক্তির অনিমেঘ ছায়াপথ” এই স্মরণী বাণীকে স্মরণ করে কুমিল্লায় নাট্যাচার্য সেলিম আল দীনের ৬৯তম জয়ন্তী পালন করেছে অধুনা থিয়েটার কুমিল্লা। গত ১৮ আগস্ট বিকালে কুমিল্লা নজরুল ইন্সটিটিউট মিলনায়তনে শ্রদ্ধাভরে সেলিম আল দীনকে স্মরণ করা হয়। আলোচনা সভায় বক্তারা বলেন সেলিম আল দীন ছিলেন আধুনিক যুগের নাট্য মগের নক্ষত্র, যা এখনো জ্বলমান। একজন প্রখ্যাত বাংলাদেশী নাট্যকার ও গবেষক। স্বাধীনতা উত্তর বাংলাদেশের নাট্য আন্দোলনে তাঁর গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। তিনি নাটকের আঙ্গিক ও ভাষার উপর গবেষণা করেছেন। বাংলা নাটকের শিকড় সন্ধানী এ নাট্যকার ঐতিহ্যবাহী বাংলা নাট্যের বিষয় ও আঙ্গিক নিজ নাট্যে প্রয়োগের মাধ্যমে বাংলা নাটকের আপন বৈশিষ্ট্য তুলে ধরেছেন। আলোচনা সভায় অংশ নেন অধুনা থিয়েটারের সভাপতি এডভোকেট নানীন কাজল, সাধারণ সম্পাদক ফারহানা ফেরদৌসী, অধ্যাপক ড.মেহেদী হাসান, অধ্যাপক মোঃ সফিকুর রহমান, কবি ও ছড়াকার জহিরুল হক দুলাল, আবৃত্তিকার বদরুল হুদা জেনু, জেলা কালচারাল অফিসার সৈয়দ আয়াজ মাবুদ। কুমিল্লা বিশ্ব বিদ্যালয়ের শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক মোঃ রবিউল আউয়াল রবি, নজরুল ইন্সটিটিউট এর উপ পরিচালক মোঃ আল আমিন, মোঃ ফখরুল আলম খান। নাট্যাচার্য সেলিম আল দীনের জীবনী পাঠ করেন ফাতেমা সিদ্দিকা তিথি। অনুষ্ঠানে নাট্য শিল্পী শরীফ আহমেদ অলী সেলিম আল দীনের নাটক পাঠ করেন। পরে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন অনামিকা দেব, মাসুদ ইমরান, সাইফুল ইসলাম, এড সুলতান আহমেদ, ও মম। এছাড়াও সেলিম আল দীনের জন্ম বার্ষিকী উপলক্ষে স্কুল কলেজের ছাত্র ছাত্রীদের মধ্যে শিশু চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

সংবাদ প্রকাশঃ ১৮-৮-২০১৮ইং । (সংবাদটি গুরুত্বপূর্ণ মনে হলে দয়া করে ফেসবুকে লাইক বা শেয়ার করুন) (If you think the news is important, please share it on Facebook or the like সিটিভি নিউজ@,CTV NEWS24 এখানে ক্লিক করে সিটিভি নিউজের সকল সংবাদ পেতে আমাদের পেইজে লাইক দিয়ে আমাদের সাথে থাকুন **CTV NEWS24** ctvnews24.com =আরো বিস্তারিত জানতে ছবিতে ক্লিক করুন== **See More**

Advertisement